কানাইঘাটের সমাজসেবী মিসবাহুল ইসলাম চৌধুরীর দাফন সম্পন্ন

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট দিঘীরপাড় পূর্ব ইউপির দর্পনগর বাল্লাগ্রাম নিবাসী বিশিষ্ট ব্যবসায়ী সাবেক ছাত্রনেতা মিছবাহুল ইসলাম চৌধুরীর জানাজার নামাজ গতকাল রবিবার সকাল ১১টার দর্পনগর পশ্চিম ইবতেদায়ী মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত হয়। জানাজার নামাজে এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ ও রাজনৈতিক দলের নেতৃবৃন্দ সহ এলাকার সর্বস্তরের লোকজন শরীক হন। পরে তার লাশ পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। এর আগে গত শনিবার রাতে মিছবাহুল ইসলাম চৌধুরীর ১ম জানাজার নামাজ সিলেট শহরের মানিকপীর টিলায় অনুষ্ঠিত হয়। জানা যায়, কানাইঘাট দিঘীরপাড় ইউপির দর্পনগর বাল্লাগ্রামের মরহুম আব্দুল মুছব্বির কালা মাস্টারের পুত্র মিছবাহুল ইসলাম চৌধুরী ছাত্র জীবনে তুখোড় ছাত্রনেতা ছিলেন। তিনি দীর্ঘদিন ধরে সিলেট শহরে পরিবার নিয়ে বসবাস করে আসছিলেন। এলাকায় তিনি একজন সমাজসেবি ও শিক্ষানুরাগী হিসাবে সর্বমহলে তার পরিচিতি ছিল। একবার দিঘীরপাড় ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদন্দ্বিতা করেন মিছবাহুল ইসলাম চৌধুরী। পেশায় তিনি একজন সফল ব্যবসায়ী ছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত ছিলেন। গত শনিবার সকাল সাড়ে ১১টার দিকে ঢাকার একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসা করতে গিয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে মিছবাহুল ইসলাম চৌধুরী মৃত্যু বরন করেন। মৃত্যুকালে তার বয়স হয়ে ছিল ৫৩ বছর। তিনি স্ত্রী, এক ছেলে দুই মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।